

## ২০০০ (দুই হাজার) পিস ইয়াবাসহ কুখ্যাত দুই মাদক ব্যবসায়ী গ্রেফতার

অদ্য ২৪/১১/১৪ ইং তারিখ (রাত ১:৩০মি:-২:০০মি:) গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চলে কর্মরত সহকারী পরিচালক জনাব মোঃ আনোয়ার হোসেন এর নেতৃত্বে এবং তত্ত্বাবধানে পরিদর্শক জনাব কামনাশীষ সরকার, উপপরিদর্শক জনাব মোঃ আবুল হোসাইন, সর্বজনাব সি পাই মোঃ নাদিরুজ্জামান, মোঃ রবি উল্লাহ, মোঃ ছালা উদ্দিন, মোঃ নুর হোসেন, গাড়ীচালক মোঃ রুহুল কুদ্দুস এবং অফিস সহায়ক মোঃ মাহামুদুন নবী এর সমন্বয়ে গঠিত একটি বিশেষ টিম কর্তৃক কর্ণফুলী থানাধীন শাহ আমানত সেতুর টোলপ্লাজার উত্তর পাশে রাস্তার উপর অভিযান পরিচালনা করে ২০০০ (দুই হাজার) পিছ ইয়াবা ট্যাবলেট সহ (১) মোঃ কামরুল হাসান (২৪) পিতা: আব্দুল মালেক, সাং আদমপুর, পো: বিধেদারপুর থানা-মহেশপুর, জেলা : ঝিনাইদহ এবং (২) সুমনা মিজি (২৫), স্বামী-মোঃ সুমন, সাং কামার খাড়া, (মিজি বাড়ী), থানা: টঙ্গীবাড়ী, জেলাঃ মুন্সিগঞ্জ নামীয় দুইজন কুখ্যাত মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, তারা ইয়াবা পাচার সিভিকিটের সক্রিয় সদস্য। তাদের বিরুদ্ধে অত্র গোয়েন্দা অঞ্চলের উপপরিদর্শক জনাব মোঃ আবুল হোসাইন বাদী হয়ে কর্ণফুলী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এর ১৯ (১) এর ৯ (খ) ধারায় একটি নিয়মিত মামলা রুজু করেন। মামলার তদন্ত কার্যক্রম অব্যাহত আছে।